



মিরপুরে উচ্ছেদ অভিযান নিয়ে বিস্ময় প্রকাশ জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

মিরপুরে ফুটপাথ উচ্ছেদ অভিযান চালানোর আগে স্থানীয় সংসদ সদস্য হিসেবে তাকে না জানানোয় বিস্ময় প্রকাশ করেছেন জামায়াতে ইসলামীর আমির ও স্থানীয় সংসদ সদস্য ডা. শফিকুর রহমান। উচ্ছেদের আগে ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বিকল্প ব্যবস্থা এবং সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে সমন্বয়ের প্রয়োজনীয়তার কথা জানিয়েছেন তিনি।

বুধবার (৩০ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এসব কথা বলেন শফিকুর রহমান।

মিরপুর ১০ থেকে ১৩ নম্বর এলাকার হোপ মার্কেটের কাছে উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে পুলিশ, সিটি করপোরেশনের কর্মকর্তা ও ফুটপাথের ক্ষুদ্র ব্যবসায়ীদের সংঘর্ষের প্রসঙ্গ তুলে তিনি বলেন, অভিযানের কারণে সিটি করপোরেশনের কিছু সরঞ্জাম ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কর্মকর্তা-কর্মচারী ও পুলিশ সদস্যরাও হামলার শিকার হয়েছেন। সংবাদ সংগ্রহের সময় গণমাধ্যমকর্মীদের বাধা দেওয়ার অভিযোগের কথাও উল্লেখ করেন তিনি।

শফিকুর রহমান বলেন, ফুটপাথ দখলমুক্ত করার পাশাপাশি ক্ষুদ্র ব্যবসায়ী ও সাধারণ মানুষের স্বার্থ বিবেচনায় রেখে বাস্তবভিত্তিক সমাধান প্রয়োজন। এ জন্য উচ্ছেদের আগে ব্যবসায়ীদের বিকল্প ব্যবস্থা করার বিষয়টি দেখা উচিত।

ফুটপাথের ব্যবসায়ীদের কাছ থেকে নিয়মিত চাঁদা আদায়ের অভিযোগেরও তদন্ত করে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি। তার দাবি, দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও বার্ষিক ভিত্তিতে চাঁদা আদায়ের কারণে শেষ পর্যন্ত এর প্রভাব সাধারণ ক্রেতাদের ওপর পড়ে।

ভবিষ্যতে এ ধরনের অভিযান স্থানীয় সংসদ সদস্যসহ সংশ্লিষ্ট সব পক্ষকে সঙ্গে নিয়ে সমন্বিতভাবে পরিচালনার আহ্বান জানিয়ে সবাইকে শান্ত থাকার অনুরোধ করেন জামায়াত আমির। একই সঙ্গে তিনি বলেন, সমাধানের পথ হতে হবে নিরপেক্ষ, বাস্তবভিত্তিক ও মানবিক।